

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫১২৪

৩৮/ সালাম (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ১৩. মু'আনাকা (আলিংগন) করা সম্পর্কে।

باب فِي الْمُعَانَقَةِ

আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا حَمَّادُ، أَخْبَرَنَا أَبُو الْحُسَيْنِ، _ يَعْنِي خَالِدَ بْنَ ذَكُوَانَ _ عَنْ أَيُّوبَ بْنِ بُشَيْرِ بْنِ كَعْبِ الْعَدَوِيِّ، عَنْ رَجُل، مِنْ عَنَزَةَ أَنَّهُ قَالَ لأَبِي ذَرِّ حَيْثُ سُيرٍ مِنَ الشَّامِ إِنِّي أُرِيدُ أَنْ أَسْأَلُكَ عَنْ حَديث مِنْ حَديث رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم . قَالَ إِذًا أُخْبِرَكَ بِهِ إِلاَّ أَنْ يَكُونَ سِرًّا . قُلْتُ إِنَّهُ لَيْسَ بِسِرٍّ هَلْ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم . قَالَ إِذًا أُخْبِرَكَ بِهِ إِلاَّ أَنْ يَكُونَ سِرًّا . قُلْتُ إِنَّهُ لَيْسَ بِسِرٍ هَلْ كَانَ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم يُصنَافِحُكُمْ إِذَا لَقِيتُمُوهُ قَالَ مَا لَقِيتُهُ قَطُّ إِلاَّ صَافَحَنِي وَبَعَثَ إِلَى قَلْمَا جِئِتُ أُخْبِرْتُ أَنَّهُ أَرْسَلَ إِلَى قَاتَيْتُهُ وَهُوَ عَلَى سَرِيرِهِ فَالْتَرَمْنِي فَكَانَتْ تِلْكَ أَجْوَدَ وَأَجْوَدَ وَأَجْوَدَ .

বাংলা

৫১২৪. মূসা ইবন ইসমাঈল (রহঃ) আইউব ইবন বাশীর ইবন কা'আব (রহঃ) আনযা গোত্রের জনৈক ব্যক্তি থেকে বর্ণনা করেন। তিনি বলেনঃ আবৃ যার (রাঃ) যখন শামদেশ পরিত্যাগ করছিলেন, তখন তাঁকে বলেনঃ আমি আপনার কাছে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর একটা হাদীছ সম্পর্কে জিজ্ঞাসা করতে চাই। আবৃ যার (রাঃ) বলেনঃ আমি অবশ্যই তোমাকে তা অবগত করবো, কিন্তু যদি তা কোন গোপন ব্যাপার না হয়। তখন আমি বলিঃ এ কোন গোপন বিষয় নয়। আচ্ছা, যখন আপনারা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে দেখা করতেন, তখন কি তিনি আপনাদের সাথে মুসাফাহা করতেন? আবৃ যার (রাঃ) বলেনঃ আমি যখনই তাঁর সঙ্গে সাক্ষাৎ করেছি, তখনই তিনি আমার সাথে মুসাফাহা করেছেন। একদিন তিনি আমাকে ডেকে পাঠান, কিন্তু সে সময় আমি বাড়ীতে ছিলাম না। আমি ঘরে ফিরে জানতে পারি যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে ডেকেছেন। আমি যখন তাঁর কাছে উপস্থিত হই, তখন তিনি উঁচু আসনে সমাসীন ছিলেন। এ সময় তিনি আমাকে তাঁর বুকের সাথে মিশান, অর্থাৎ মু'আনাকা করেন। যা খুবই উত্তম ছিল, উত্তম ছিল!

English



Narrated AbuDharr:

Ayyub ibn Bushayr ibn Ka'b al-Adawi quoted a man of Anazah who said that he asked AbuDharr when he left Syria: I wish to ask you about a tradition of the Messenger of Allah (**). He said: I shall tell you except that it is something secret. Did the Messenger of Allah (**) shake hands with you when you met him? He replied: I never met him without his shaking hands with me. One day he sent for me when I was not at home. When I came I was informed that he had sent for me. I came to him and found him on a couch. He embraced me and that was better and better.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আইয়ুব ইবনু বুশায়র (রহঃ)

